

ঢাবিতে ‘নারী শিক্ষার্থী দিবস’ ও ‘সন্ত্রাস প্রতিরোধ দিবস’ পালনের ঘোষণা

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) প্রতিবছর ১৪ জুলাই ‘নারী শিক্ষার্থী

দিবস’ এবং ১৭ জুলাই ‘সন্ত্রাস প্রতিরোধ দিবস’ পালনের ঘোষণা

দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ

খান। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যের সামনে

জুলাই গণ-অভ্যুত্থানের প্রথম বার্ষিকী উদযাপন উপলক্ষে

আয়োজিত কর্মসূচিতে তিনি এই ঘোষণা দেন। এই দুটি দিবসই

বিশ্ববিদ্যালয়ের নিয়মিত একাডেমিক ক্যালেন্ডারে অন্তর্ভুক্ত করা

হবে বলেও জানান তিনি।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান অভ্যুত্থানে নারী

শিক্ষার্থীদের অসামান্য ভূমিকার স্বীকৃতিস্বরূপ ‘নারী শিক্ষার্থী

দিবস’ এবং সন্ত্রাসের বিরুদ্ধে শিক্ষার্থীদের সাহসী প্রতিরোধের

ঐতিহাসিক অবদানের স্মরণে ‘সন্ত্রাস প্রতিরোধ দিবস’ পালনের

কথা জানান।

তিনি অভ্যর্থনে অংশগ্রহণকারী সব শিক্ষার্থীকে শুদ্ধাভরে স্মরণ
করে বলেন, এই ছাত্র-জনতার অভ্যর্থন একটি নতুন সুযোগ তৈরি
করেছে।

অনুষ্ঠানে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় এবং যুব ও
ক্রীড়া মন্ত্রণালয়ের উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া, তথ্য ও
সম্প্রচার উপদেষ্টা মাহফুজ আলম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-
উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, কোষাধ্যক্ষ
অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী এবং প্রষ্টর সহযোগী
অধ্যাপক সাইফুল্লাহ আহমদ উপস্থিত ছিলেন।

উপাচার্য অভ্যর্থনের সঙ্গে জড়িত সবাইকে ঢাকা বিশ্ববিদ্যালয়
পরিবারের অংশ হিসেবে যুক্ত হওয়ার আহ্বান জানান এবং
ঐক্যবন্ধ থেকে দেশের অগ্রযাত্রায় কাজ করার গুরুত্ব তুলে ধরেন।

জুলাই গণ-অভ্যর্থনের প্রথম বার্ষিকীর এই অনুষ্ঠানে ঢাকা
বিশ্ববিদ্যালয়ের ছাত্রীরা অংশ নেন এবং আন্দোলনের দিনের মতো
হল থেকে মিছিল নিয়ে অনুষ্ঠানস্থলে আসেন।

তারা সেদিনের স্নোগান পুনরায় দেন এবং রাতভর দিবসটি
উদযাপনে নানা কর্মসূচি পালন করেন।

এর আগে কেন্দ্রীয় শহীদ মিনারে ‘JULY WOMEN’S
DAY’ পালিত হয়, যা জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালার উদ্বোধন
হিসেবে বিবেচিত হয়।

ঐতিহাসিক জুলাই গণ-অভ্যুত্থানের প্রথমবার্ষিকী উদযাপন

উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় মাসব্যাপী বিস্তারিত কর্মসূচি গ্রহণ

করেছে। এর মধ্যে রয়েছে অনুষদগুলোতে সেমিনার, হল, বিভাগ

ও ইনসিটিউটগুলোর উদ্যোগে আলোচনাসভা বা সেমিনার, আন্ত

বিভাগ বিতর্ক উৎসব, রচনা প্রতিযোগিতা, একটি ডকুমেন্টারি

নির্মাণ, ১৫ জুলাই আবাসিক হলগুলোতে শিক্ষার্থী নির্যাতন স্মরণ

কর্মসূচি, একটি স্মৃতিস্তম্ভ নির্মাণ এবং জুলাই যোদ্ধাদের সঠিক ও

পূর্ণাঙ্গ তালিকা প্রকাশ।